

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৪০০.৯৯.০১১.২১.১৪৮

তারিখ: ২৬ বৈশাখ ১৪২৯

০৯ মে ২০২২

বিষয়: সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহে সরাসরি শ্রেণি কার্যক্রম পরিচালনা।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে পবিত্র রমজান, মে দিবস, শব-ই-কদর, জুমাতুল বিদা, ঈদুল ফিতর উপলক্ষ্যে সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহ আগামী ১১ মে ২০২২ খ্রি: পর্যন্ত শ্রেণি কার্যক্রম বন্ধ থাকবে। কোভিড-১৯ পরিস্থিতি উন্নতি হওয়ায় সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহে বন্ধ পরবর্তী আগামী ১২ মে ২০২২ খ্রি: হতে সরাসরি শ্রেণি কার্যক্রম শুরু করার জন্য নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো:

(১) এক শিফট বিশিষ্ট বিদ্যালয়সমূহে শনিবার থেকে বুধবার সকাল ০৯:০০ ঘটিকা থেকে বিকাল ০৩:১৫ পর্যন্ত এবং বৃহস্পতিবার বিকাল ০২:২৫ ঘটিকা পর্যন্ত (১ম ও ২য় শ্রেণি সকাল ০৯:৩০ থেকে দুপুর ০১:০০ ঘটিকা পর্যন্ত এবং ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণি সকাল ০৯:০০ থেকে বিকাল ০৩:১৫ টা পর্যন্ত) শ্রেণি পাঠদান কার্যক্রম চলমান থাকবে;

(২) দুই শিফট বিশিষ্ট বিদ্যালয়সমূহে শনিবার থেকে বুধবার সকাল ০৯:০০ ঘটিকা থেকে বিকাল ০৪:০০ পর্যন্ত এবং বৃহস্পতিবার বিকাল ০২:৩০ ঘটিকা পর্যন্ত (১ম ও ২য় শ্রেণি সকাল ০৯:০০ থেকে সকাল ১১:৫০ ঘটিকা পর্যন্ত এবং ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণি সকাল ১১:৩০ থেকে বিকাল ০৪:০০ টা পর্যন্ত) শ্রেণি পাঠদান কার্যক্রম চলমান থাকবে;

(৩) এক শিফট বিশিষ্ট বিদ্যালয়সমূহে প্রাক-প্রাথমিক শ্রেণি কার্যক্রম শনিবার থেকে বৃহস্পতিবার সকাল ০৯:৩০ ঘটিকা থেকে দুপুর ১২:০০ ঘটিকা এবং দুই শিফট বিশিষ্ট বিদ্যালয়সমূহে সকাল ০৯:০০ থেকে সকাল ১১:৩০ পর্যন্ত চলমান থাকবে;

(৪) এক শিফট বিশিষ্ট বিদ্যালয়সমূহে দৈনিক সমাবেশ সকাল ০৯:০০ থেকে সকাল ০৯:২৫ ঘটিকা পর্যন্ত এবং দুই শিফট বিশিষ্ট বিদ্যালয়সমূহে দৈনিক সমাবেশ সকাল ১১:৩০ থেকে সকাল ১১:৫০ ঘটিকা পর্যন্ত স্বাস্থ্যবিধি মেনে পরিচালনা করতে হবে;

(৫) সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষক বিষয়ভিত্তিক প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের অগ্রাধিকার দিয়ে রুটিন প্রণয়নপূর্বক সংশ্লিষ্ট ক্লাস্টারের সহকারী উপজেলা শিক্ষা অফিসারের অনুমোদন গ্রহণ করবেন;

(৬) ঢাকা মহানগরীর প্রাথমিক বিদ্যালয়ের পাঠদানের সময়সূচির ক্ষেত্রে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ২৯.০১.২০১৯ তারিখের ৩৮.০০৭.০৩৩.০০৪.৪৬. ০০.২০১০/৪০৬ নং পরিপত্রটি অনুসরণ করবেন;

(৭) শিখন ঘাটতি পূরণে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে;

(৮) এ নির্দেশনাসমূহ পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত চলবে;

বিদ্যালয় পরিচালনার ক্ষেত্রে কোভিড-১৯ পরিস্থিতিতে জারীকৃত সকল পরিপত্রের নির্দেশনা ও স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



১০-৫-২০২২

মনীষ চাকমা

পরিচালক

উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল)

ফ্যাক্স: 02-9038122


স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৪০০.৯৯.০১১.২১.১৪৮/১(১১৩)

তারিখ: ২৬ বৈশাখ ১৪২৯

০৯ মে ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় [প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।]
- ২) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), বিদ্যালয়-২ শাখা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
- ৩) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় [সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।]
- ৪) উপপরিচালক, ঢাকা/খুলনা/সিলেট/বরিশাল/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম
- ৫) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)
- ৬) সুপারিনটেনডেন্ট (সকল), প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউট (পিটিআই)
- ৭) শিক্ষা অফিসার, মহাপরিচালকের দপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
- ৮) সহকারী শিক্ষা অফিসার, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর



১০-৫-২০২২

নাসরিন সুলতানা

সহকারী পরিচালক